১৭

ভোরের কাগজ

তারিখ JUL 20 1999

পৃঃ ১০ কলাম ৭

# মূল্যবান ও দুষ্প্রাপ্য বই জাতীয় আরকাইভসে সংরক্ষণের উদ্যোগ

উনবিংশ শতাব্দীতে প্রকাশিত প্রায় ২ হাজার ৩৫০টি মূল্যবান ও দুষ্প্রাপ্য বই রিপোর্ট বাংলাদেশ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণের জন্য সংগ্রহ করা হয়েছে। ঢাকা বিভাগীয় কমিশনার অফিস থেকে গত মঙ্গলবার এগুলো সংগ্রহ করা হয়। হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক ড. শরীফ উদ্দিন, ঢাকার বিভাগীয় কমিশনার নিজাম উদ্দিন ও ইতিহাসবিদ ড. মুনতাসীর মামুন।